[illegible]

তারিখ 25 SEP 2017
পৃষ্ঠা ৩ কলাম ৩

# শিক্ষকের বিরুদ্ধে অনৈতিক কর্মকাণ্ডের অভিযোগ

■ লালমনিরহাট প্রতিনিধি

**হাতীবান্ধা**

লালমনিরহাটের হাতীবান্ধায় এক কলেজ শিক্ষকের বিরুদ্ধে ছাত্রীদের সঙ্গে অনৈতিক কর্মকাণ্ডের অভিযোগ উঠেছে। এ-সংক্রান্ত একটি ছবি সামাজিক যোগাযোগ মাধ্যম ফেসবুক ছড়িয়ে পড়েছে। এলাকার প্রায় সব মানুষের মুখে মুখে এখন ওই শিক্ষকের নাম। কারণ তিনি নাকি একটি কলেজের ইংরেজি বিভাগের শিক্ষক হয়ে প্রাইভেট পড়ানোর আড়ালে অসংখ্য ছাত্রীর সর্বনাশ করেছেন। এ নিয়ে শনিবার রাতে হঠাৎ করেই ফেসবুকে এক ছাত্রীর সঙ্গে কিছু আপত্তিকর ছবি দেখা যায়। ওই আপত্তিকর ছবি স্থানীয় একটি কলেজের শিক্ষক মেহেদি হাসান সুমনের বলে স্থানীয়দের অনেকেই দাবি করেন। রোববার সকালে ওই শিক্ষকের শাস্তির দাবিতে কলেজের অধ্যক্ষের কাছে লিখিত অভিযোগ করেছে উপজেলা ছাত্রলীগ। বিষয়টি তদন্ত করে প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়ার আশ্বাসও দিয়েছে কলেজ প্রশাসন। এর আগে গত শনিবার নিজের ফেসবুক টাইম লাইনে দেওয়া হাতীবান্ধা উপজেলা ছাত্রলীগের সভাপতি মশিউর রহমান মামুনের দেওয়া একটি স্ট্যাটাসে এলাকাজুড়ে সমালোচনার ঝড় শুরু হয়েছে।

একাধিক সূত্রমতে, হাতীবান্ধা শহরের একটি কলেজের ইংরেজি বিভাগের শিক্ষক তিনি। কলেজের অদূরে রেলপথ-ঘেঁষা একটি রুম ভাড়া নিয়ে দীর্ঘদিন ধরে শিক্ষার্থীদের ইংরেজি প্রাইভেট পড়াচ্ছেন তিনি। কিন্তু সেই প্রাইভেট পড়ানোর আড়ালেই একের পর এক সুন্দরী ছাত্রীকে বশে আনতে নানা ছলনার আশ্রয় নেন ওই শিক্ষক। তবে অভিযুক্ত কলেজ শিক্ষক সুমন এসব বিষয় অস্বীকার করে বলেন, আমি এসবের কিছুই জানি না। যারা ফেসবুকে এসব ঘটনা রটাচ্ছে, তারা পারিবারিক শত্রুতার জন্য এমনটি করতে পারে বলে মন্তব্য করেন তিনি। তাহলে তাদের বিরুদ্ধে আইনগত ব্যবস্থা নিচ্ছেন না কেন– এমন প্রশ্নের জবাবে তিনি বলেন, আমি মানসিকভাবে বিপর্যস্ত। তাই পারিবারিকভাবে বসে সিদ্ধান্ত নেব।

ব্যানবেইস
পরিচালকের কার্যালয়
প্রাপ্তি নং..................
তারিখ..................
সিস্টেম এনালিস্ট
সিস্টেম ম্যানেজার
প্রশাসনিক কর্মকর্তা
পি. এ
কার্যার্থে/জ্ঞাতার্থে